# ২০২২

# বাংলা

## প্রথম ভাষা

সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট

প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য।

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান — ৯০

বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান — ১০০]

১। যে কোনো **সতেরোটি** প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো ঃ ১৭×১=১৭

১.১ পত্রিকায় প্রকাশ পাওয়া তপনের গল্পটির নাম —

(ক) ইস্কুলের গল্প। (খ) একদিন।

(গ) প্রথম দিন। (ঘ) রাজার কথা।

১.২ গিরীশ মহাপাত্রের বয়স —

(ক) চল্লিশ-বিয়াল্লিশ। (খ) ত্রিশ-বত্রিশের অধিক নয়।

(গ) পঞ্চাশ-পঞ্চান্ন। (ঘ) পঞ্চাশের কাছাকাছি।

১.৩ জগদীশবাবু বিরাগীকে প্রণামী দিতে চেয়েছিলেন —

(ক) এক হাজার টাকা। (খ) পাঁচশো টাকা।

(গ) একশো এক টাকা। (ঘ) একশো টাকা।

১.৪ "কালো ঘোমটার নীচে অপরিচিত ছিল"— কী অপরিচিত ছিল ?

(ক) তোমার চেতনাতীত রূপ। (খ) তোমার রহস্যময় রূপ।

(গ) তোমার আরণ্যক রূপ। (ঘ) তোমার মানবরূপ।

১.৫ "আমাদের ডান পাশে" —

(ক) টাকা (খ) বাঁধ

(গ) ধ্বস (ঘ) পথ

১.৬ "অট্টরোলের হট্টগোলে স্তব্ধ" —

(ক) চরাচর (খ) মহাকাল

(গ) গগনতল (ঘ) গিরিশিখর

১.৭ লেখক শ্রীপান্থের ছেলেবেলায় দেখা দারোগাবাবুর কলম থাকতো —

(ক) কলারের ভাঁজে আটা।

(খ) কোমরের বেল্টে আটকানো।

(গ) কাঁধের ছোট্ট পকেটে সাজানো

(ঘ) পায়ের মোজায় গোঁজা।

১.৮ উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো যেতো —

(ক) পনেরো আনায়। (খ) বারো আনায়।

(গ) ষোলো আনায়। (ঘ) দশ আনায়।

১.৯ 'কঙ্কাবতী' ও 'ডমরুধর'-এর স্বনামধন্য লেখকের নাম —

(ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

(গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়। (ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

১.১০ বিভক্তি শব্দের অর্থ কী ?

(ক) বিভাজন। (খ) সংকোচন।

(গ) প্রসারণ। (ঘ) সংযোজন।

১.১১ কলমে কায়স্থ চিনি — নিম্নরেখ পদটি —

(ক) অপাদান কারক। (খ) কর্তৃকারক।

(গ) করণকারক। (ঘ) কর্মকারক।

১.১২ মেসি কী খেলাই না খেললো — কী জাতীয় কর্ম ?

(ক) উহ্য কর্ম। (খ) সমধাতুজ কর্ম।

(গ) কর্মের বীপ্সা। (ঘ) উপবাক্যীয় কর্ম।

১.১৩ আর কাউকে পায়ের ধুলো নিতে দেননি সন্ন্যাসী — নিম্নরেখ পদটি —

(ক) ক্রিয়াবাচক পদ। (খ) সম্বোধন পদ।

(গ) কর্মকারক। (ঘ) সম্বন্ধপদ।

১.১৪ সমাসের মূল অর্থ —

(ক) বর্ণের সাথে বর্ণের মিলন।

(খ) নামপদের সাথে ক্রিয়াপদের মিলন।

(গ) একাধিক পদের একটি পদে পরিণতি লাভ।

(ঘ) ক্রিয়াপদের সাথে ক্রিয়াপদের মিলন।

১.১৫ বুড়োমানুষের কথাটা শুনো — নিম্নলিখিত পদটি যে সমাসের উদাহরণ সেটি হ'ল —

(ক) বহুব্রীহি সমাস। (খ) কর্মধারয় সমাস।

(গ) তৎপুরুষ সমাস। (ঘ) অব্যয়ীভাব।

১.১৬ 'দশানন'-এর সমাস হ'ল —

(ক) দ্বিগু। (খ) বহুব্রীহি।

(গ) অব্যয়ীভাব। (ঘ) কর্মধারয়।

১.১৭ পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়ে পরপদের অর্থ প্রাধান্য পায় যে সমাসে সেটি হ'ল —

(ক) বহুব্রীহি সমাস। (খ) অব্যয়ীভাব সমাস।

(গ) তৎপুরুষ সমাস। (ঘ) নিত্য সমাস।

২। কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১৯×১=১৯

২.১ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

২.১.১ তপন মামার বাড়িতে কেন এসেছিল ?

২.১.২ "শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন," — সংকল্পটি কী ?

২.১.৩ "আর যাই হোক্, যাঁকে খুঁজছেন তাঁর কালচারের কথাটা একবার ভেবে দেখুন।" — কার খোঁজ করা হচ্ছিল ?

২.১.৪ "মাস্টারমশাই একটুও রাগ করেননি। বরং একটু তারিফই করলেন" — 'তারিফ' করার কারণ কী ?

২.১.৫ "কিন্তু ওই ধরনের কাজ হরিদার জীবনের পছন্দই নয়।" — কী ধরনের কাজ হরিদার অপছন্দ ?

২.২ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

২.২.১ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।" — 'সভ্যতার শেষ পুণ্যবাণী'-টি কী ?

২.২.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি" — কবিতাটির রচয়িতা কে ?

২.২.৩ "তারপর যুদ্ধ এলো" — যুদ্ধ কেমনভাবে এলো ?

২.২.৪ "এবার মহানিশার শেষে" — কে আসবে ?

২.২.৫ "এ কলঙ্ক, পিতঃ, ঘুষিবে জগতে।" — বক্তা কোন্ কলঙ্কের কথা বলেছেন ?

২.৩ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩

২.৩.১ "এই নেশা পেয়েছি আমি শরৎদার কাছ থেকে।"— কোন্ নেশার কথা বলা হয়েছে ?

২.৩.২ "অনেক ধরে ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন।"
— কার কথা বলা হয়েছে ?

২.৩.৩ "কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।" — কাদের কাছে অস্পৃশ্য ?

২.৩.৪ "সোনার দোয়াত কলম যে সত্যই হতো;"
— বক্তা সোনার দোয়াত কলমের কথা কীভাবে জেনেছিলেন ?

২.৪ যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

২.৪.১ সমাস কাকে বলে ?

২.৪.২ রত্নাকর — শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৩ ক্ষুদ্র গ্রহ — ব্যাসবাক্যটিকে সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২.৪.৪ একটি নিত্য সমাসের উদাহরণ দাও।

২.৪.৫ উপপদ তৎপুরুষ সমাস কাকে বলে ?

২.৪.৬ প্রযোজ্য কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৭ শূন্য বিভক্তি কাকে বলে ?

২.৪.৮ সম্বন্ধ পদের বিভক্তি কী কী ?

২.৪.৯ একটি গৌণ কর্মের উদাহরণ দাও।

২.৪.১০ নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
চিঠি <u>পকেটে</u> ছিল।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও : ৩+৩=৬

৩.১ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

৩.১.১ ''পত্রিকাটি সকলের হাতে হাতে ঘোরে,''— কোন্ পত্রিকা, কেন সকলের হাতে হাতে ঘুরছিল ? (১+২)

৩.১.২ ''তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না''—বক্তা কে ? তার কোন্ লাঞ্ছনার কথা বলা হয়েছে ? (১+২)

৩.২ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

৩.২.১ ''তারা আর স্বপ্ন দেখতে পারল না।''— 'তারা' কারা ? কেন স্বপ্ন দেখতে পারল না ? (১+২)

৩.২.২ ''কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে'' — বক্তা কে ? তাঁর একথা বলার কারণ কী ? (১+২)

৪। কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

৪.১ ''বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে।''— বাবুটি কে ? তাঁর স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২ ''অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন ?''— কার কথা বলা হয়েছে ? তিনি কীভাবে 'খাঁটি সন্ন্যাসীর মতো' ব্যবহার করেছিলেন সংক্ষেপে আলোচনা করো। ১+৪

৫। কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

৫.১ ''এল মানুষ-ধরার দল''— কোথায় এল ? 'মানুষ-ধরার দল' এসে কী করেছিল ? ১+৪

৫.২ ''তোরা সব জয়ধ্বনি কর !''— কবির এই কথা বলার কারণ সংক্ষেপে লেখো। ৫

৬। কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

৬.১ ''আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।''— 'সবই'-র পরিচয় দাও। উল্লিখিত বিষয়টি কীভাবে আজ 'অবলুপ্তির পথে' আলোচনা করো। ৩+২

৬.২ ''তাই কেটে কাগজের মতো সাইজ করে নিয়ে আমরা তাতে 'হোম-টাস্ক' করতাম।''— কিসে 'হোম-টাস্ক' করা হতো ? 'হোম-টাস্ক' করার সম্পূর্ণ বিবরণ দাও। ১+৪

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

৭.১ "বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা, তার শ্যামল প্রান্তরে আজ রক্তের আলপনা" — বক্তা কে ? কোন্ দুর্যোগের কথা বলা হয়েছে? ১+৩

৭.২ "ওকে ওর প্রাসাদে পাঠিয়ে দিন জাঁহাপনা। ওর সঙ্গে থাকতে আমার ভয় হয়।" — বক্তা কে ? তার এরকম ভয় হওয়ার কারণ কী ? ১+৩

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৮.১ "ইচ্ছে থাকলেও ওকে সাঁতার শেখাবার সামর্থ্য আমার নেই।" — কে বলেছিল ? তার পরিচয় সংক্ষেপে উল্লেখ করো। ৫

৮.২ "বিষ্টু ধরের বিরক্তির কারণ হাত পনেরো দূরের একটা লোক।"— বিষ্টু ধরের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার বিরক্তির কারণ উল্লেখ করো। ৫

৮.৩ চিড়িয়াখানায় কোনিকে নিয়ে বেড়াতে গিয়ে কী ঘটেছিল ? এই ঘটনা থেকে ক্ষিতীশের কী মনে হয়েছিল ? ৩+২

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : ৪

Newspaper reading has become an essential part of our life. As we get up in the morning we wait eagerly for a daily paper. Twentieth Century was an age of newspaper. Through Newspapers we gather information about different countries of the world.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫

১০.১ অতিমারীর পরিবেশে মাস্ক পরা ও হাত ধোয়ার প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দের যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১ বর্তমান জীবনে বিজ্ঞান।

১১.২ পরিবেশ ও মানুষ।

১১.৩ তোমার দেখা একটি মেলা।

১১.৪ একটি নদীর আত্মকথা।

**[ কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

১২। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো **চারটি**) ঃ ১×৪=৪

১২.১ ''এ বিষয়ে সন্দেহ ছিল তপনের।''— কোন্ বিষয়ে তপনের সন্দেহ ছিল ?

১২.২ ''সেদিকে ভুলেও একবার তাকালেন না বিরাগী।''— বিরাগী কোন্ দিকে তাকালেন না ?

১২.৩ ''কিন্তু বুনো হাঁস ধরাই যে এদের কাজ।''— 'বুনো হাঁস ধরা'র অর্থ কী ?

১২.৪ ''আর সেই মেয়েটি আমার অপেক্ষায়''— কোন্ মেয়েটি ?

১২.৫ ''আগে পূজ ইষ্টদেবে''— 'ইষ্টদেব' কে?

১৩। কম-বেশি ৬০ টি শব্দের মধ্যে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

১৩.১ ''তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায়।''— কার, কখন এমন ভাব হয়েছিল ? ১+২

১৩.২ ''কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি ?''— বক্তা কে ? ঘটনাটি কী ? ১+২

১৩.৩ ''জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া''— 'মহাবাহু' কে ? তিনি কী জিজ্ঞাসা করলেন ? ১+২